

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd



নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৯(অংশ-১).৪০

তারিখ : ০৯.০২.২০২১খ্রি.


বিষয় : এনটিআরসিএ তে ত্রুটিপূর্ণ চাহিদা প্রেরণের দায়ে শান্তিমূলক ব্যবস্থা গ্রহণ।

সূত্র: এনটিআরসিএ এর স্মারক নং: বেশিনিক/শি.শি/ধি:নি:চ:অ:আবেদন প্রসঙ্গে/১১২২/২০২০/৫৩৪, তারিখ: ০৩.০৭.২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় হতে গত ১২.০৬.২০১৮ তারিখে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ জারি করা হয়। উক্ত নীতিমালার ২৪(ঘ) ধারা অনুযায়ী নতুন বৃদ্ধিপ্রাপ্ত পদে নিয়োগের জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে পৃথক আদেশ জারি করার বিধান ছিল। শিক্ষা মন্ত্রণালয় হতে বৃদ্ধিপ্রাপ্ত নতুন পদে নিয়োগের জন্য পৃথক আদেশ জারির আগেই লক্ষীপুর জেলার রামগঞ্জ উপজেলার আলীপুর আদর্শ উচ্চ বিদ্যালয় হতে বৃদ্ধিপ্রাপ্ত নতুন পদকে শূণ্য পদ দেখিয়ে ২০১৯ সনের ২য় নিয়োগ চক্রের মাধ্যমে শিক্ষক নিয়োগের জন্য এনটিআরসিএতে ত্রুটিপূর্ণ চাহিদা প্রেরণ করা হয়। এনটিআরসিএ কর্তৃক মেধা তালিকায় উত্তীর্ণ হয়ে সুপারিশ পাওয়া সত্ত্বেও ত্রুটিপূর্ণ চাহিদার কারণে সুপারিশপ্রাপ্ত শিক্ষক এমপিওভুক্ত হতে পারেনি।

এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা -২০১৮ এর ১৮ ধারা অনুযায়ী লক্ষীপুর জেলার রামগঞ্জ উপজেলার আলীপুর আদর্শ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: সেলিম এর ৩ (তিন) মাসের বেতন ভাতার সরকারি অংশ কর্তন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।


২/২/২০২১
(মো: কামরুল হাসান)
উপসচিব

ফোন : ৯৫৪০৫১৭
ই-মেইল: ds.mpo@moedu.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে :

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. প্রধান শিক্ষক, আলীপুর আদর্শ উচ্চ বিদ্যালয়, রামগঞ্জ, লক্ষীপুর।
৬. জনাব মো: সেলিম, প্রধান শিক্ষক, আলীপুর আদর্শ উচ্চ বিদ্যালয়, রামগঞ্জ, লক্ষীপুর।
৭. অফিস কপি।